গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৪৫.১৭৪.০১৫.০১.০০.০০১.২০১১-৬৫ তারিখ ঃ ২৩.০২.২০১৪ খ্রিঃ

প্রেরক ঃ হুমায়রা সুলতানা
উপসচিব

প্রাপক ঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়: Revitalization of Community Health Care Initiatives in Bangladesh (RCHCIB) প্রকল্পের ১৩৫৪৪টি পদ সহ জনবল আগামী জুলাই ২০১৪ তারিখ হতে Community Based Health Care (CBHC) অপারেশনাল প্ল্যানে স্থানান্তরিত হওয়া সম্পর্কিত।

অর্থবিভাগের ১২.০৭.২০১১ তারিখে অম/অবি/বা-৪/৫-২৭(১৫৪)/২০১১/৩৫৭ স্মারক মোতাবেক জারীকৃত অর্থবিভাগের ২৮.০৬.২০১১ তারিখে অনুষ্ঠিত নতুন উন্নয়ন প্রকল্পের পদ/জনবল নির্ধারণ কমিটির সভার সিদ্ধান্ত এবং অর্থবিভাগের ২৮.০১.২০১৪ তারিখের ০৭.১০৪.০১৪.২৭০১.০০৬.২০১২-৮২ স্মারকে প্রদত্ত মতামত অনুসারে একনেক অনুমোদিত HPNSDP সেক্টর কর্মসূচির PIP এর সংস্থান অনুযায়ী Revitalization of Community Health Care Initiatives in Bangladesh (RCHCIB) (কোড নং-৫৪৫০) প্রকল্পের ১৩৫৪৪টি পদ সহ জনবল আগামী ০১.০৭.২০১৪ তারিখ হতে Community Based Health Care (CBHC) (কোড নং-৫-২৭১১-৫০৭০) অপারেশনাল প্ল্যানে নিম্নোক্ত শর্তসাপেক্ষে স্থানান্তরে নির্দেশক্রমে সরকারী অনুমোদন জ্ঞাপন করছি :

শর্তসমূহ :

১। Revitalization of Community Health Care Initiatives in Bangladesh (RCHCIB) প্রকল্পের ১৩৫৪৪টি পদ সহ জনবল ০১.০৭.২০১৪ তারিখ হতে Community Based Health Care (CBHC) অপারেশনাল প্ল্যানের আওতায় কাজ সম্পাদন করবে;

২। উল্লিখিত পদসমূহের বেতন-ভাতাদি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন HPNSDP সেক্টর কর্মসূচির Community Based Health Care (CBHC) অপারেশনাল প্ল্যান (কোড নং- ৫-২৭১১-৫০৭০) হতে ব্যয় নির্বাহ করা হবে।

৩। অর্থমন্ত্রণালয় হতে গত ১৩.১১.২০১২ তারিখে ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০নং স্মারকে জারীকৃত উন্নয়ন প্রকল্প সমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকার ১৮ ক্রমিক অনুসারে Community Based Health Care (CBHC) অপারেশনাল প্ল্যানে স্থানান্তরিত ১৩৫৪৪টি পদ বছর বছর সংরক্ষণ করতে হবে।

৪। অর্থবিভাগের ২৮.০৬.২০১১ তারিখে অনুষ্ঠিত নতুন উন্নয়ন প্রকল্পের পদ/জনবল নির্ধারণ কমিটির সভার সিদ্ধান্ত এবং অর্থ বিভাগের ২৮.০১.২০১৪ তারিখের ০৭.১০৪.০১৪.২৭০১.০০৬.২০১২-৮২ নং স্মারকে প্রদত্ত সম্মতি অনুসারে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বা/-
(হুমায়রা সুলতানা)
উপসচিব
ফোন ঃ ৯৫৪৯৫৪০

-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য-

স্মারক নং-৪৫.১৭৪.০১৫.০১.০০.০০১.২০১১-৬৫ তারিখ ঃ ২৩.০২.২০১৪ খ্রিঃ

অনুলিপি ০২ (দুই) প্রস্থ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সহকারী সচিব, শাখা-৪, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর বরাবর প্রেরণ করা হলো। এর একটি কপি পৃষ্ঠাংকন পূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা-এর বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(হুমায়রা সুলতানা)
উপসচিব

নং- তারিখ :

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকার নিকট প্রেরণ করা হ'ল। এ আদেশ অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ এবং বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগের সম্মতি আছে।

সিনিয়র সহকারী সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

স্মারক নং-৪৫.১৭৪.০১৫.০১.০০.০০১.২০১১-৬৫/১(১০) তারিখ ঃ ২৩.০২.২০১৪ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. সচিব, অর্থবিভাগ, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব ও প্রকল্প পরিচালক, আরসিএইচসিআইবি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালি, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রবা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্ম-প্রধান স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৬. যুগ্ম-প্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. যুগ্মসচিব (বাজেট-৪), অর্থবিভাগ, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. লাইন ডাইরেক্টর, Community Based Health Care (CBHC) শীর্ষক উন্নয়ন প্রকল্প, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালি, ঢাকা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

২৩.০২.২০১৪

(হুমায়রা সুলতানা)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৪৫.১৭৪.০০২.২৪.০০.০২৪.২০১২-১৫২ তারিখ ঃ ২৩.০২.২০১৪ খ্রিঃ

প্রেরক ঃ হুমায়রা সুলতানা
উপ-সচিব

প্রাপক ঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াধীন এইচপিএনএসডিপি'র "হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এইচআরএম)" স্বাপকম কর্মসূচির অধীনে ৯৭.৫০ লক্ষ (সাতানব্বই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অগ্রিম উত্তোলনের মঞ্জুরি প্রসঙ্গে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে স্বাস্হ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াধীন এইচপিএনএসডিপি'র "হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এইচআরএম)" স্বাপকম (কোড নং-৫-২৭০১-৫৪৯০) কর্মসূচির অধীনে আরপিএ (জিওবি) খাতে ১ম কিস্তিতে ছাড়কৃত ১৭০.০০ লক্ষ (এক কোটি সত্তর লক্ষ) টাকা হতে স্থানীয় প্রশিক্ষণ এবং Exposur visit on best practices of HRM and Hospital for Health Management শীর্ষক বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য ৯৭.৫০ লক্ষ (সাতানব্বই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা কোড নং ৪৮৪০ প্রশিক্ষণ ব্যয় খাত হতে অগ্রিম উত্তোলনে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

তবে শর্ত থাকে যে,

ক. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
খ. পরবর্তী কিস্তি অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে (৩০শে জুন) যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
গ. অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;
ঘ. ১ম কিস্তিতে ছাড়কৃত আরপিএ (জিওবি) অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত করতে হবে;
ঙ. অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
চ. উত্তোলিত অগ্রিম ওপি অনুযায়ী এবং উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা অনুযায়ী কার্যক্রম সম্পাদনের জন্য ব্যয় করতে হবে।

২। এ অর্থ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় এইচপিএনএসডিপি'র "হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এইচআরএম)" স্বাপকম (কোড নং-৫-২৭০১-৫৪৯০) অপারেশনাল প্ল্যানের অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরের আরপিএ (জিওবি'র) অর্থ হতে কোড নং-৫-২৭০১-৫৪৯০-৪৮৪০ হতে সংকুলান করা হবে।

৩। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হল।

(হুমায়রা সুলতানা)
উপ-সচিব
ফোনঃ-৯৫৪৯৫৪০

-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য -

স্মারক নং-৪৫.১৭৪.০০২.২৪.০০.০২৪.২০১২-১৫২(৭)

তারিখ ঃ ২৩.০২.২০১৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন) ও লাইন ডাইরেক্টর, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এমওএইচ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্ম-প্রধান স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামোও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. উপ-প্রধান, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এমওএইচ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২৬.০২.২০১৪

(হুমায়রা সুলতানা)
উপ-সচিব